

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১৩

নং ৩৫.০২০.০১৭.০০.০০.০০১.২০১১-৪৭৮।—আসন্ন দশম জাতীয় সংসদ নির্বাচনপূর্ব/নির্বাচনকালীন/নির্বাচন পরবর্তী সময়ে সহিংসতা, সন্ত্রাস, নাশকতা বা আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হতে পারে এমন যে কোন কার্যক্রম নিয়ন্ত্রণের জন্য সমগ্র বাংলাদেশে বা সুনির্দিষ্ট এলাকায় আগামী ২৪-০১-২০১৪ তারিখ পর্যন্ত ১৯৮৩ সালের মটর ভেহিক্যালস অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ) এর ৮৮ ধারার বিধানমত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (BRTA) এর চেয়ারম্যান-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মেহেদী হাসান
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫৫)

মূল্য : টাকা ৪.০০